



## শিশুকাল

□ পূর্বিতা ঘোষ

সেই যে আনন্দের শিশুকাল  
 কোথায় যে গেল হারিয়ে  
 সুখের সুমধুর দিনগুলো  
 কেন যে এলাম ছাড়িয়ে।  
 দেখতে পৃথিবী উৎসাহ নিয়ে  
 জানতে সবার ভাষা  
 দূর দূরান্তের অজানাকে জানার  
 ছিল নিষ্পাপ মনের আশা।  
 বাধাহীন পাখি হয়ে  
 দূর আকাশে উড়ে যেতে  
 বিচিত্র পৃথিবীর সব রহস্যকে  
 নিজের কাছে টেনে নিতে  
 আজ সে আকাশ কত বড়  
 নেই যে তার কিনারা  
 আছে শুধু বয়ে যাওয়া  
 স্মৃতির শীতল ধারা।  
 আজ স্মৃতির দিনগুলো নেই  
 না আছে ভোলামন  
 পৃথিবী কতো পরিপক্ব  
 গেল হারিয়ে বন্ধুগণ  
 জানি,  
 বাস্তব আজ, কাল নয়  
 শিক্ষাগুরুও কাছে নয়  
 থাকবে তবুও স্মৃতির খাতায়  
 মনের পাতায় পাতায়।

আমার ভাই সঞ্জয় দাদার স্মরণে  
 □ রঞ্জিতা ভৌমিক

আমার ভাই সঞ্জয় দাদা  
 অষ্টম শ্রেণির ছাত্র সেরা,  
 সবাই বলে আমার দাদা  
 হারিয়ে নাকি গেছে কোথা।  
 হারাবে কেন ? লুকাবে কেন ?  
 ওকি কিছু ভয় পায় ?  
 তাহলে আর বলত-না  
 নদীর জল আমার সখা।  
 নদীর জলে করবে খেলা  
 জলকে ও করবে জয়,  
 দূর হবে যে সবার ভয়।  
 তাইতে দাদা লুকিয়ে আছে  
 ঠান্ডা নদীর জলের তলে,  
 করছে খেলা মাছের সাথে  
 দেখছে কত জলের লীলা।  
 হঠাৎ একদিন উঠবে ডেকে ...  
 চৈঁচিয়ে জোরে রঞ্জিতা - র - ঙ্গি - তা  
 দৌড়ে এসে জড়িয়ে ধরে  
 বলব আমি আদর করে  
 আমি যে তোর ছোট্ট মিতা,  
 রঞ্জিতা - রঞ্জিতা।